



জামিন না পেয়ে কারাগারে জামায়াত নেতা আখতারুজ্জামান



ছবি: সংগৃহীত

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিশৃঙ্খলা, সরকারি কাজে বাধা ও নিরাপত্তা কর্মকর্তাকে লাঞ্চিত করার মামলায় জামায়াত নেতা ও অবসরপ্রাপ্ত মেজর আখতারুজ্জামানের জামিন আবেদন নাকচ করে তাকে কারাগারে পাঠিয়েছেন আদালত।

রোববার (৪ অক্টোবর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জামসেদ আলম এ আদেশ দেন। এর আগে এক দিনের রিমান্ড শেষে তাকে আদালতে হাজির করা হয়। গত শুক্রবার ক্যান্টনমেন্ট এলাকার বাসা থেকে তাকে গ্রেপ্তার করে ডিবি। পরদিন পাঁচ দিনের রিমান্ড আবেদনের পর আদালত এক দিনের রিমান্ড মঞ্জুর করেন।

জামিন না মঞ্জুরের পর আদালত এলাকায় জামায়াতের নেতাকর্মীরা স্লোগান দেন। এ সময় বিএনপিপন্থি আইনজীবীদের সঙ্গে তাদের তর্কাতর্কি ও হাতাহাতির ঘটনা ঘটে। আইনজীবীরা আদালত চত্বরে বহিরাগতদের নিয়ে আপত্তি জানান।

মামলার অভিযোগ অনুযায়ী, গত বৃহস্পতিবার মদিনা থেকে জামায়াতের ৩৪ সদস্যের একটি প্রতিনিধি দল সপরিবারে শাহজালালে পৌঁছায়। যাত্রীদের চাপ থাকায় ট্রলি সংগ্রহে দীর্ঘ লাইন তৈরি হয়। কয়েকজন প্রটোকল সহকারী লাইনের নিয়ম ভেঙে ট্রলি নেওয়ার চেষ্টা করেন। পরে লাগেজ ও জমজমের পানি পেতে দেরি হওয়ায় কয়েকজন উত্তেজিত হয়ে অশোভন আচরণ করেন বলে অভিযোগ রয়েছে।